দৈনিক সংবাদ

তারিখ 13 DEC 1998
পৃষ্ঠা ৪ কলাম ২

# চট্টগ্রাম ভার্সিটি শিক্ষক সমিতি ঃ জয়ী গোলাপী প্যানেল

নিজস্ব বার্তা পরিবেশক, চট্টগ্রাম ব্যুরো থেকে ঃ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচনে মুক্তিযুদ্ধের সপক্ষের গোলাপী প্যানেলের প্রার্থীরা পূর্ণ প্যানেলে জয়লাভ করেছেন।

গতকাল ১২ই ডিসেম্বর অনুষ্ঠিত এই নির্বাচনে সভাপতি পদে গোলাপী প্যানেলের প্রার্থী হিসেব বিজ্ঞান বিভাগের অধ্যাপক ডক্টর মনজুর মোর্শেদ মাহমুদ ২২৫ ভোট পেয়ে সভাপতি এবং সাধারণ সম্পাদক পদে একই প্যানেলের প্রার্থী ইতিহাস বিভাগের সহযোগী অধ্যাপক ডক্টর মমতাজ উদ্দিন পাটোয়ারী ১৯০ ভোট পেয়ে জয়লাভ করেছেন। নির্বাচনে তাদের প্রতিদ্বন্দ্বী জাতীয়তাবাদী সমর্থক সাদা প্যানেলের সভাপতি প্রার্থী ডঃ মুহাম্মদ শামসুদ্দিন (রাজনীতি বিজ্ঞান বিভাগ) ১শ' ৪০ ভোট ও সাধারণ সম্পাদক প্রার্থী ডঃ আ, ন, ম মুনীর আহমদ চৌধুরী ১শ' ৮৭ ভোট পান।

নির্বাচিত অন্য কর্মকর্তারা হচ্ছেন ঃ সহ-সভাপতি পরিসংখ্যানের অধ্যাপক ডঃ মুহাম্মদ শামসুদ্দিন, কোষাধ্যক্ষ পরিসংখ্যানের অধ্যাপক ডঃ মনীন্দ্র কুমার রায়, যুগ্ম সম্পাদক হিসাব বিজ্ঞান বিভাগের অধ্যাপক মাইনুল হাসান চৌধুরী এবং সদস্য পদে ব্যবস্থাপনা বিভাগের

জয়ী ঃ পৃঃ ৭ কঃ ৫

## জয়ী ঃ গোলাপী প্যানেল

(১ম পৃষ্ঠার পর)

সহযোগী অধ্যাপক মোহাম্মদ আবদুল্লাহ মামুন, বাংলা বিভাগের অধ্যাপক ডঃ শামসুল আলম, সমাজতত্ত্ব বিভাগের অধ্যাপক ডঃ আসলাম ভুঁইয়া, আরবী ও ইসলামিক স্টাডিজের অধ্যাপক মোহাম্মদ রশীদ, ভূগোল বিভাগের সহকারী অধ্যাপক ডঃ শহীদুল ইসলাম ও উদ্ভিদ বিজ্ঞান বিভাগের প্রভাষক মোহাম্মদ মাহবুবুর রহমান।